



## পশ্চিমবঙ্গ সরকার

### পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর

৬৩, নেতাজী সুভাষ রোড : জেশপ বিল্ডিং : কোলকাতা-৭০০০০১

নং-৬৪১১-আর.ডি/এন.আর.ই.জি.এ/১৮এম-০১/০৯

তারিখ : সেপ্টেম্বর ২৪, ২০০৯

### আদেশনামা

নির্দিষ্ট সময়সীমার মধ্যে সঠিকভাবে বার্ষিক পরিকল্পনা করা এন আর ই জি কর্মসূচীর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক। কিন্তু বিগত কয়েক বছরের অভিজ্ঞতায় দেখা যাচ্ছে যে গ্রাম পঞ্চায়েতে সময়মত এই পরিকল্পনা তৈরীতে এবং সঠিক কাজগুলির চিহ্নিত করার ক্ষেত্রে বেশ কিছু ঘাটতি রয়ে গেছে। এন আর ই জি এ-র যে কাজগুলি বার্ষিক পরিকল্পনায় নেওয়া হবে তা চিহ্নিত করা এবং তার তালিকা তৈরী করার কাজ প্রাথমিকভাবে সংশ্লিষ্ট গ্রামোন্নয়ন সমিতির দায়িত্বের মধ্যে পড়ে। গ্রামোন্নয়ন সমিতিতে প্রয়োজনীয় সময় দিয়ে এই কাজ করার উপযুক্ত লোকবলের অপ্রতুলতা আছে বলে অনুভূত হয়েছে। এন আর ই জি এ-র প্রতিটি কাজের ক্ষেত্রে সুপারভাইজার নিয়োগের ব্যবস্থা আছে। নির্দেশ অনুযায়ী এই সমস্ত সুপারভাইজারদের নূন্যতম মাধ্যমিক পাশ হওয়া বাঞ্ছনীয় এবং প্রতিটি গ্রাম সংসদের একজন করে নির্দিষ্ট সুপারভাইজার এই কাজে নিয়োজিত থাকবেন। এই সুপারভাইজারগণ এন আর ই জি এ-র বিভিন্ন বিষয়ে ইতিমধ্যেই ট্রেনিং প্রাপ্ত। গ্রাম সংসদ এলাকায় সঠিক কাজ চিহ্নিত করে নির্দিষ্ট সময় সীমার মধ্যে বার্ষিক পরিকল্পনা তৈরীর ক্ষেত্রে এই সমস্ত সুপারভাইজাররা কার্যকরী ভূমিকা গ্রহণ করতে পারেন। তাই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে প্রতিটি গ্রাম পঞ্চায়েতে যে নির্দিষ্ট সুপারভাইজারগণ আছেন গ্রাম সংসদ ভিত্তিক গ্রাম পঞ্চায়েতের বার্ষিক পরিকল্পনা তৈরীর ক্ষেত্রে তাদের সাহায্য নেওয়া যেতে পারে। কাজের চিহ্নিতকরণ, তার তালিকা তৈরী এবং সময়মত তা গ্রাম সংসদের মিটিংয়ে উপস্থাপন করা এই সব ক্ষেত্রেই সুপারভাইজাররা সাহায্য করতে পারবেন। যে সমস্ত সংসদে গ্রাম উন্নয়ন সমিতি গঠিত হয়েছে ও তা সক্রিয় আছে তারা সংশ্লিষ্ট সংসদের এন আর ই জি সংক্রান্ত পরিকল্পনা তৈরীতে সুপারভাইজারদের সাহায্য নেবেন। যে সমস্ত গ্রাম সংসদে গ্রামোন্নয়ন সমিতি গঠন করা যায় নি সেক্ষেত্রে গ্রাম পঞ্চায়েত সংশ্লিষ্ট সুপারভাইজারের সাহায্য নিয়ে এলাকার জনসাধারণ যে সমস্ত কাজগুলি অগ্রাধিকারের ভিত্তিতে চাইছেন সেই মত কাজগুলি চিহ্নিত করে তার তালিকা বানিয়ে সেই গ্রাম সংসদের মিটিংয়ে উপস্থাপন করার ব্যবস্থা করতে পারবেন। একজন সুপারভাইজারকে একাধিক গ্রাম সংসদের দায়িত্ব দেওয়া যেতে পারে তবে একাধিক সুপারভাইজারকে একই গ্রাম সংসদে এই কাজে নিয়োজিত করা যাবে না। এই কাজ বাবদ সুপারভাইজারকে গ্রাম সংসদ পিছু থেকে ২০০ টাকা পারিশ্রমিক হিসাবে দেওয়া যাবে। তবে গ্রাম সংসদের পরিকল্পনা গ্রাম পঞ্চায়েত অফিসে জমা পড়ার পর ঐ টাকা দেওয়া যাবে। এই খরচ এন আর ই জি এ কর্মসূচীর প্রশাসনিক ব্যয়ভার থেকে বহন করা যাবে। নির্দিষ্ট গ্রাম সংসদের জন্য নির্দিষ্ট সুপারভাইজারের তালিকা আগেই ব্লক প্রোগ্রাম অফিসারের কাছে পাঠাতে হবে। কেবলমাত্র সেই তালিকাভুক্ত সুপারভাইজারকে উপরোক্ত কাজে নিয়োজিত করা যাবে।

পশ্চিমবঙ্গের পঞ্চায়েত আইন ১৯৭৩-এর ১৯(১) ধারা বলে স্থানীয় সরকার হিসাবে প্রতিটি পঞ্চায়েতকে পরিকল্পনা রচনা ও রূপায়ণের দায়িত্ব দেওয়া হয়েছে এবং সেই কাজ বিকেন্দ্রীত সহভাগী পরিকল্পনার মাধ্যমে গ্রাম সংসদ থেকে উঠে আসা অগ্রাধিকারের ভিত্তিতে তৈরী করার জন্য নির্দেশ দেওয়া

হয়েছে। (পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ৩১/০৭/২০০৯ তারিখে জারী করা নং ৩৪৪৩/পি এন/ও/তক/তবি-১/০৯ আদেশনামাটি এই ব্যাপারে দেখা যেতে পারে)। এই নির্দেশ অনুযায়ী গ্রাম পঞ্চায়েতকে নির্দিষ্ট সময়ের মধ্যে আগামী বছরের জন্য সার্বিক পরিকল্পনা তৈরী করতে হবে। এন আর ই জির পরিকল্পনা এই সার্বিক পরিকল্পনার একটি অঙ্গ হবে। সেই পরিকল্পনার খসড়া অবশ্যই ৩১শে ডিসেম্বরের মধ্যে তৈরী করতে হবে এবং ঐ খসড়া অনুযায়ী গ্রাম পঞ্চায়েত তাদের লেবার বাজেট ব্লক প্রোগ্রাম অফিসারকে জানাবেন। গ্রাম পঞ্চায়েতের লেবার বাজেট ও এন আর ই জির জন্য বার্ষিক পরিকল্পনার মধ্যে সম্পূর্ণ সামঞ্জস্য থাকতে হবে।

পরিকল্পনা সংক্রান্ত সমস্ত কাজ যাতে বর্তমান ও উল্লেখিত আদেশনামা অনুযায়ী সমস্ত গ্রাম পঞ্চায়েতই যথা সময়ে তৈরী করতে পারেন তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হচ্ছে।

(মানবেন্দ্রনাথ রায়)

প্রধান সচিব

নং-৬৪১১/১(৩৮)-আর.ডি/এন.আর.ই.জি.এ/১৮এম-০১/০৯

তারিখ : সেপ্টেম্বর ২৪, ২০০৯

প্রতিলিপি জ্ঞাতার্থে প্রদান করা হল :

- ১) সভাপতি \_\_\_\_\_ জেলা পরিষদ/মহকুমা পরিষদ।
- ২) জেলাশাসক ও জেলা প্রোগ্রাম কোঅর্ডিনেটর, এন আর ই জি এ \_\_\_\_\_।
- ৩) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, শিলিগুড়ি মহকুমা পরিষদ।

(মানবেন্দ্রনাথ রায়)

প্রধান সচিব